

একাকী বসবাসে

হৃদরোগীদের

মৃত্যুবুঁকি বেশি!



হৃদরোগে আক্রান্ত ব্যক্তিদের মধ্যে যারা একা বাস করেন, একই রোগে আক্রান্ত অন্যদের তুলনায় তাঁদের আয়ু কম হতে পারে। নতুন একটি আন্তর্জাতিক সমীক্ষায় এই দাবি করা হয়েছে। সমীক্ষাটি পরিচালনা করেছে একদল মার্কিন গবেষক। এ বিষয়ে একটি নিবন্ধ চিকিৎসাবিষয়ক *দি আর্কাইভস অব ইন্টারনাল মেডিসিন* সাময়িকীতে প্রকাশিত হয়েছে।

বসবাসের অবস্থার সঙ্গে হৃদরোগীদের মৃত্যু ত্বরান্বিত বা দেরির সম্পর্ক এখনো স্পষ্ট নয়। তবে প্রধান গবেষক দীপক ভাটের মতে, এর সঙ্গে নিয়মিত চিকিৎসার বিষয়টি জড়িত থাকতে পারে। বোস্টনের হার্ভার্ড মেডিকেল স্কুলের এই গবেষক বলেন, যেসব হৃদরোগী একা বসবাস করেন, তাঁদের নিয়মিত ওষুধ সেবন বা ওষুধ সংগ্রহের ক্ষেত্রে সমস্যা পড়তে হয়।

এমনকি হঠাৎ অসুস্থ হয়ে পড়লে চিকিৎসকের কাছে নেওয়ার মতো কেউ তাঁদের পাশে থাকে না।

বিশ্বের বিভিন্ন দেশের ৪৫ ও তদুর্ধ্ব বয়সী ৪৪ হাজারের বেশি মানুষের ওপর এ সমীক্ষা চালানো হয়। গবেষকেরা দেখেছেন, সমীক্ষা চলাকালে চার বছর একা বসবাস করা ৬৫ বছরের কম বয়সী হৃদরোগীদের মধ্যে ৭ দশমিক ৭ শতাংশের মৃত্যু হয়েছে। অন্যদিকে একা বাস না করা হৃদরোগীদের মধ্যে ৫ দশমিক ৭ শতাংশের মৃত্যু হয়েছে। ৬৬ থেকে ৮০ বছর বয়সীদের ক্ষেত্রে এ ব্যবধান কম। তবে বয়স, লিঙ্গ, কর্মক্ষেত্র, নৃতাত্ত্বিক পরিচয় ও দেশ ইত্যাদি বিবেচনায় নিয়ে দেখা গেছে, একা বসবাসকারী হৃদরোগীরা দ্রুত মারা যান। আর ৮০ বছরের বেশি বয়সী হৃদরোগীদের মৃত্যুর ক্ষেত্রে বসবাসের অবস্থা কোনো প্রভাব ফেলে না। রয়টার্স।